

মর্টগেজ টু রেন্ট (মর্টগেজের বদলে ভাড়ার) স্কীম

আপনার যদি একটি নিজস্ব বাড়ি থাকে যেখানে আপনি নিজেই বসবাস করেন এবং যদি সেই বাড়ির জন্য মর্টগেজ দিতে আপনার এমন কোনও অস্ববিধা হয়ে থাকে যার ফলে হয়তো আপনার বাড়ি রিপসেসড হবার আশঙ্কা দেখা দিয়েছে (অর্থাৎ মর্টগেজ কম্পানী সেটা পুনরায় দখল করে নিতে চাইছে), সেই অবস্থায় এই ‘মর্টগেজ টু রেন্ট (মর্টগেজের বদলে ভাড়ার) স্কীম’ আপনাকে হয়তো সাহায্য করতে পারে।

কমিউনিটিস্ স্কটল্যান্ড এই স্কীমটি পরিচালনা করে থাকে। তারা হয়তো এমন একটা ব্যবস্থা করতে পারবে যার দ্বারা কোনও সোশ্যাল ল্যান্ডলর্ড যেমন, কোনও হাউসিং অ্যাসোসিয়েশন বা লোকাল অথরিটি আপনার বাড়িটি কিনে নেবে এবং আপনি এখন যেখানে থাকেন সেই বাড়িতেই একজন ভাড়াটিয়া হিসাবে থাকবেন এবং সেই সোশ্যাল ল্যান্ডলর্ডকে আপনি সোশ্যাল রেন্ট অর্থাৎ প্রাইভেট ভাড়াভাড়ির অনুপাতে কম রেন্ট দেবেন।

নিচের সব প্রশ্নগুলির উত্তরে আপনি যদি হ্যাঁ বলতে পারেন তাহলে আপনি এই স্কীমটিতে দরখাস্ত দিতে পারবেন এবং তা আপনাকে সাহায্য করবে:

- আপনার আর্থিক অবস্থা সম্পর্কে আপনি কি কারুর কাছ থেকে উপদেশ নিয়েছেন?
- আপনার বাড়ি কি রিপসেসড হবার আশঙ্কা দেখা দিয়েছে (মর্টগেজ কম্পানী কি সেটা দখল করে নিতে চাইছে)? অর্থাৎ আপনাকে কি জানানো হয়েছে যে আপনার বিরুদ্ধে আইনের সাহায্য নেওয়া হচ্ছে, অথবা আপনার মর্টগেজ দাতা কি আপনার বিরুদ্ধে আইনের ব্যবস্থা নেওয়া পিছিয়ে দিতে বা তুলে নিতে রাজি হয়েছে যাতে আপনি এই স্কীমে দরখাস্ত দিতে পারেন?
- বাড়ির সকল মালিক কি “মর্টগেজ টু রেন্ট (মর্টগেজের বদলে ভাড়ার) স্কীম’ -এর বিষয়টি বিবেচনা করতে রাজি হয়েছেন?
- আপনাকে এই স্থানীয় এলাকায় অবশ্যই বাস করতে হবে, এমন কোনও কারণ আছে কি?
- আপনার পক্ষে এই বাড়িটি বিক্রি করে স্থানীয় কোনও এলাকায় আরও কম দামে আরেকটি বাড়ি কেনা কি সম্ভব ছিল না?

সাধারণ ভাবে আপনি এই স্কীমে সাহায্য পাবার অধিকারী হবেন না যদি:

- আপনার বয়স ৬০ বছরের চেয়ে কম হয় এবং আপনার ও আপনার পার্টনারের (অর্থাৎ স্বামী, স্ত্রী বা যার সঙ্গে আপনি স্বামীস্ত্রী রূপে বাস করছেন) জমা টাকার পরিমাণ যদি £৮০০০ এর বেশি হয় (৬০ বছরের চেয়ে বেশি বয়স্কদের ক্ষেত্রে £১২,০০০ র বেশি)।
- আপনি এই বাড়িটিতে ১২ মাসের চেয়ে কম সময় থেকেছেন।
- আপনার বাড়িটির দাম স্থানীয় এলাকার বাড়ির গড়পড়তা দামের চেয়ে বেশি।
- আপনার বাড়িটিকে মেরামত করতে হলে £৬,০০০ -এর বেশি খরচ করতে হবে।

স্কীমটির সাহায্য পাবার শর্ত আপনি পূরণ করতে পারছেন কিনা সেই বিষয়ে যদি আরও তথ্য জানতে চান এবং আপনার পরিস্থিতিতে ‘মর্টগেজ টু রেন্ট (মর্টগেজের বদলে ভাড়ার) স্কীম’-টি যথোপযুক্ত হবে কিনা সেই বিষয়ে যে সব প্রতিষ্ঠান আপনাকে উপদেশ দিতে পারবে তাদের সম্বন্ধে জানতে হলে আপনি **0845 279 9999** টেলিফোন নম্বরে হেল্পলাইন-কে ফোন করতে পারেন বা নিচের ঠিকানায় ইমেইল করতে পারেন:

mortgagetorent@communitiescotland.gsi.gov.uk

BENGALI